

নিউ ইয়র্ক স্টেট

এমার্জেন্সি রেন্টাল অ্যাসিস্ট্যান্স প্রোগ্রাম

ভাড়াটেনদের জন্য তথ্য - নথির চেকলিস্ট

কোভিড-19 (COVID-19) মহামারীর জন্য যারা আর্থিক কষ্টের সন্মুখীন হয়েছেন এবং যাদের বাড়ি না থাকার ঝুঁকি আছে অথবা যাদের বসবাসেরই জায়গা নেই তাদের জন্য নিউ ইয়র্ক স্টেট এমার্জেন্সি রেন্টাল অ্যাসিস্ট্যান্স প্রোগ্রাম (Emergency Rental Assistance Program) যারা যোগ্য সেই পরিবারগুলিকে সহায়তা প্রদান করবে।

আবেদন করার সময়, ভাড়াটেনদের যা জমা দিতে হবে:

- **ব্যক্তিগত তথ্য** প্রাথমিক আবেদনকারীর জন্য (যারা দরখাস্তে স্বাক্ষর করছেন)। পরিচিতির অনুমোদিত আইটেমগুলির মধ্যে আছে: ফটো আইডি, ড্রাইভারের লাইসেন্স অথবা ড্রাইভার-নয় গভর্নমেন্টের জারি করা আইডি, পাসপোর্ট, EBT/বেনিফিট ইন্সুরেন্স কার্ড, জন্মের সার্টিফিকেট অথবা স্কুলের রেজিস্ট্রেশন।
- **সোশ্যাল সিকিউরিটি নম্বর** পরিবারের যে কোনও সদস্যের জারি হওয়া। এই প্রোগ্রামে যোগ্যতা দেখানোর জন্য আলাদাভাবে আইনগত ইমিগ্রেশন স্টেটাসের প্রয়োজন হয় না।
- **ভাড়ার টাকার প্রমাণপত্র**, স্বাক্ষর করা লিজ, মেয়াদ শেষ হলেও। যদি কোনও লিজ না থেকে থাকে তবে ভাড়ার রশিদ, ক্যানসেলড চেক অথবা মানি অর্ডারও প্রমাণ হিসেবে দেখানো যেতে পারে। যদি দলিল প্রদর্শনের কোনও কিছুই না থাকে, তবে বাড়ির মালিকের স্বাক্ষর প্রমাণ হিসেবে গ্রহণ করা যেতে পারে।
- **কোনও বাসভবন এবং সেখানে থাকার প্রমাণপত্র** – লিজের স্বাক্ষর, ভাড়ার রশিদ, ইউটিলিটি বিল, স্কুলের রেকর্ড, ব্যাঙ্কের স্টেটমেন্ট, আবেদনকারীর নাম সহ পোস্টাল মেল, ইন্সুরেন্স বিল অথবা ড্রাইভারের লাইসেন্স। প্রমাণপত্র অবশ্যই সাম্প্রতিক হওয়া প্রয়োজন।
- **রোজগারের প্রমাণপত্র:**

- **নথি যা মাসিক রোজগারকে বর্ণনা করবে** আগের মাসের, যেমন পে স্টাব, ব্যাঙ্ক অ্যাকাউন্ট ডিপোজিটের প্রমাণ, কাজ না থাকার বেনিফিট লেটার অথবা অন্যান্য প্রমাণপত্র;

অথবা

- **নথি যা 2020 সালের মাসিক রোজগারকে বর্ণনা করবে**, যেমন একজন কর্মীর W-2 ট্যাক্সের ফর্ম, বার্ষিক রোজগারের বিবরণ অথবা ইনকাম ট্যাক্স রিটার্নের একটি সম্পূর্ণ কপি, যেমন 1040, 1040EZ, 1099 ট্যাক্স ফর্ম অথবা 2020 সালের বার্ষিক রোজগারের অন্যান্য প্রমাণপত্র।
- স্ব-নিযুক্তির ক্ষেত্রে সেইরকম কোনও দলিল প্রদর্শনের উপলভ্যতা না থাকায় লিখিতভাবে কোনও কিছুতে এবং রোজগারের বিবরণীতে নিজের স্বাক্ষর প্রমাণ হিসেবে গ্রহণ করার ব্যবস্থা আছে।
- **গ্যাস অথবা ইলেকট্রিক ইউটিলিটি বিলের কপি**, যদি একই ভাড়ার মধ্যে ইউটিলিটি বকেয়া মেটাতে সাহায্যের আবেদন করা হয়ে থাকে।

আবেদনকারীদের 2020 সালের 13 মার্চের আগের অথবা পরের কপি দিতে বলা হবে, পরিবারের কোনও একজন সদস্য কাজ না থাকার সহায়তা পাবেন **অথবা** কোভিড-19 মহামারির কারণে প্রতক্ষ্য বা পরোক্ষভাবে অনেকেই পারিবারিক রোজগার কমে গিয়েছে, উল্লেখযোগ্যভাবে খরচ এবং আর্থিক কষ্টের সম্মুখীন হচ্ছেন। দরখাস্তে দেওয়া তথ্য যে সঠিক তার সাথে রাজি হবার জন্য আবেদনকারীকে অ্যাপ্লিকেশন ফর্ম এবং অন্যান্য সার্টিফিকেটে স্বাক্ষর করতে হবে।